ই - সংবাদ

পঞ্চায়েত উন্নয়ন তহবিলে মাতাবাড়ী ব্লকে বিভিন্ন উন্নয়ন কাজ

উদয়পুর, ৭ জুলাই ।। পঞ্চায়েত উন্নয়ন তহবিলে মাতাবাড়ী ব্লকের বিভিন্ন পঞ্চায়েতে উন্নয়নমূলক কাজ রূপায়িত হয়েছে । এই প্রকল্পে চন্দ্রপুর আর এফ গ্রাম পঞ্চায়েতে ১ টি কাঁচা রাস্তা সংস্কার করা হয়েছে। এতে ব্যয় হয়েছে ২৮ হাজার ২০৮ টাকা । এছাড়া একটি সেচ নালা সংস্কারে ব্যয় হয়েছে ৫১ হাজার ৬০০ টাকা । পঞ্চায়েতের অফিস ঘর সংস্কারে ব্যয় হয়েছে ৪৮ হাজার ৯৯৮টাকা । এছাড়া, চতুর্দ্দশ অর্থ কমিশনের বরাদ্দ অর্থে ২৫০ মিটার রাস্তা ইট সলিং করা হয়েছে । এতে ব্যয় হয়েছে ২ লক্ষ ৭২ হাজার ৯৯১ টাকা । পানীয় জলের উৎস সৃষ্টির জন্য পাইপ লাইন সংস্কারে ব্যয় হয়েছে ২৭ হাজার ৭৫৯ টাকা । উক্ত প্রকল্পে দাতারাম বাজার ও কবর স্থানে ৪টি সোলার লাইট বসানো হয়। এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৮ হাজার টাকা । অপর দিকে পঞ্চায়েত উন্নয়ন তহবিলে খামার গ্রাম পঞ্চায়েতে যোগাযোগ ব্যবস্থার উন্নয়নে ২টি কাঁচা রাস্তা সংস্কার করা হয়েছে । এতে ব্যয় হয়েছে ১ লক্ষ ৩৯ হাজার ৪৬৪ টাকা । একটি অঙ্গনওয়াড়ী কেন্দ্র সংস্কারে ব্যয় হয়েছে ৩০ হাজার ৯২৯ টাকা । পানীয় জলের ট্যাংক নির্মাণে ব্যয় হয়েছে ১১ লক্ষ ৪৩ হাজার ৪৯৫ টাকা ।

বেলবাড়ী ব্লকের বিভিন্ন ভিলেজে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

জিরানীয়া, ৭ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বেলবাড়ী ব্লকের পূর্ব জন্মেজয় নগর ভিলেজে গত ৫ জুলাই লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভিলেজের চেয়ারম্যান রবিকুমার দেববর্মা ও ভাইস চেয়ারম্যান শম্পু দেববর্মা সহ বিশিষ্ট জনেরা । অনুরূপভাবে ৪ জুলাই বেলবাড়ী ভিলেজের কমিউনিটি হলে ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে ভিলেজের চেয়ারম্যান বীথিকা দেববর্মা ও ভাইস চেয়ারম্যান শচীন্দ্র দেববর্মা সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন । ৩ জুলাই চাম্পাবাড়ী ভিলেজের রাধাচরণ ঠাকুর পাড়া জে বি স্কুলে ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । ভিলেজের চেয়ারম্যান সাবিত্রী দেববর্মা সহ বিশিষ্ট জনেরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন । উল্লিখিত অনুষ্ঠানগুলিতে সংশ্লিষ্ট এলাকার শিল্পীরা লোকনৃত্য, জাদুকলিজা, সমবেত লোকসঙ্গীত পরিবেশন করেন।

জোলাইবাড়ীতে রবীন্দ্র বিষয়ক ক্যুইজ প্রতিযোগিতা

শান্তিরবাজার, ৭ জুলাই ।। জোলাইবাড়ী ব্লক ভিত্তিক রবীন্দ্র জন্মজয়ন্তী উদযাপনের অঙ্গ হিসেবে গত ৫ জুলাই জোলাইবাড়ী বাজারস্থিত দুর্গামন্ডপে ব্লক এলাকার বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীদের নিয়ে রবীন্দ্র বিষয়ক ক্যুইজ প্রতিযোগিতা অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তর এবং জোলাইবাড়ী ব্লকের যৌথ উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে ব্লকের বি ডি ও সুভাষ দত্ত, শান্তিরবাজার মহকুমা তথ্য ও সাংস্কৃতিক আধিকারিক এবং জোলাইবাড়ী লোক রঞ্জন শাখার সম্পাদক দিলীপ সরকার সহ সংস্কৃতি প্রেমী ব্যক্তিবর্গ উপস্থিত ছিলেন । অনুষ্ঠানে বিভিন্ন বিদ্যালয়ের ছাত্র-ছাত্রীরা রবীন্দ্র সঙ্গীত পরিবেশন করে ।

জাতীয় কৃমিনাশক দিবস ঃ সিপাহীজলা জেলায় প্রস্তুতি সভা অনুষ্ঠিত

বিশ্রামগঞ্জ, ০৭ জুলাই ।। জাতীয় কৃমিনাশক দিবস উদযাপনের লক্ষ্যে সিপাহীজলা জেলা শাসক কার্যালয়ের সভা কক্ষে গত ৫ জুলাই এক সভা অনুষ্ঠিত হয় । জেলা স্বাস্থ্য ও পরিবার কল্যাণ কার্যালয়ের উদ্যোগে আয়োজিত সভায় সভাপতিত্ব করেন সিপাহীজলা জিলা পরিষদের সভাধিপতি ফখরউদ্দীন আহমেদ ও সহকারী সভাধিপতি কমল রাণী শীল, জেলার জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী, মুখ্য স্বাস্থ্য আধিকারিক সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । কর্মসূচি অনুযায়ী আগামী ৯ ও ১০ আগষ্ট ১-১৯ বছর বয়সী ছেলে-মেয়েদের কৃমিনাশক ঔষধ খাওয়ানো হবে । এ উপলক্ষ্যে আগামী ৯ আগষ্ট সকাল ১১টায় জেলা ভিত্তিক অনুষ্ঠান আয়োজিত হবে বিশালগড় মহকুমার কড়ইমুড়া দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ে । জেলায় ১ লক্ষ ৪৯ হাজার ৭৭৩ জন ছেলে-মেয়েকে কৃমিনাশক ঔষধ খাওয়ানোর লক্ষ্যমাত্রা রয়েছে । ১০ আগষ্ট যেসব ছেলে-মেয়ে এই ঔষধ খাওয়া থেকে বাদ যাবে তাদেরকে ১৭ আগষ্ট খাওয়ানো হবে । এই কর্মসূচিকে সার্বিক ভাবে সফল করে তোলার জন্য জেলা শাসক প্রদীপ কুমার চক্রবর্তী সংশ্লিষ্ট সকলের প্রতি আহ্বান জানান ।

চন্দ্রনগর পঞ্চায়েতে লোক সংস্কৃতি উৎসব

বিশালগড়, ০৭ জুলাই ।। বিশালগড় ব্লকের চন্দ্রনগর গ্রাম পঞ্চায়েত ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব গতকাল চন্দ্রনগর পশ্চিমটিলা নাট মন্দিরে অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন উক্ত পঞ্চায়েতের প্রধান প্রিয়লাল সরকার, পঞ্চায়েত সদস্যা সনকা নমঃশুদ্র এবং পূর্ণিমা সরকার এবং এলাকার বিশিষ্ট ব্যক্তিত্ব যুধিষ্ঠির দাস । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা বাউল এবং লোক সঙ্গীত পরিবেশন করেন।

স্বাধীনতা দিবস ঃ কৈলাসহরে প্রস্তুতি সভা অনুষ্ঠিত

কৈলাসহর, ০৭ জুলাই ।। বিভিন্ন অনুষ্ঠানের মাধ্যমে এবারও উনকোটি জেলায় স্বাধীনতা দিবস উদযাপন করা হবে । এই কর্মসূচিকে সার্বিক ভাবে সফল করে তোলার জন্য সম্প্রতি কৈলাসহর সার্কিট হাউসে এক সভা অনুষ্ঠিত হয় । সভায় জেলার অতিরিক্ত জেলা শাসক এস মগ, মহকুমা শাসক সুব্রত চৌধুরী সহ বিভিন্ন দপ্তরের আধিকারিকগণ উপস্থিত ছিলেন । সভার সিদ্ধান্ত অনুযায়ী স্বাধীনতা দিবসের জেলার মূল অনুষ্ঠানটি আয়োজিত হবে কৈলাসহর রামকৃষ্ণ মহাবিদ্যালয়ের ষ্টেডিয়ামে ।

খার্চি উৎসবের ৬ষ্ঠ দিনে মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান

জিরানীয়া, ৭ জুলাই ।। ত্রিপুরার ঐতিহ্যবাহী খার্চি উৎসবের গতকাল ছিল ৬ষ্ঠ দিন । এদিনের বিকাল বেলা খার্চি উৎসব প্রাঙ্গণ যেমন লোকে লোকারণ্য হয়ে উঠেছে, তেমনি হাবেলী ও কৃষ্ণমালা মুক্ত মঞ্চের সাংস্কৃতিক অনুষ্ঠানে দর্শকের ভীড়ও ছিল উপচে পড়া । মানুষ আগ্রহ ভরে উপভোগ করেন কবিয়াল বিষ্ণুরমন দত্ত ও তার দলের কবিগান, হেজামারা ব্লকের গোবিন্দ দেববর্মা ও তার দলের আদিবাসী বাউলগান । এছাড়াও এদিন দর্শকদের মনোরঞ্জনের জন্য মঞ্চে পরিবেশিত হয়েছে কাওয়ালী, পালাকীর্তন, উপজাতি লোকনৃত্য । রাজ্যের বিভিন্ন লোকরঞ্জন শাখা ও শিল্পী সংস্থা থেকে দুই শতাধিক শিল্পীরা এই অনুষ্ঠানগুলিতে অংশ নেয় । এছাড়া, ৮ জন একক শিল্পীর সংগীত এবং ক্যাম্পেরবাজার শ্যামসুন্দর অপেরার লোকযাত্রা দর্শকদের মন ভরিয়ে দেয় । এদিকে হাবেলী মুক্ত মঞ্চেও হাজারো মানুষ শিশু শিল্পীদের পরিবেশিত শিশু উৎসব প্রাণ ভরে উপভোগ করেন । এখানেও একশো শিশু শিল্পী অংশ নেয় ।

বেলবাড়ী ব্লকের বিভিন্ন ভিলেজে লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

জিরানীয়া, ৭ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বেলবাড়ী ব্লকের পূর্ব জন্মেজয়নগর ভিলেজে গত ৫ জুলাই লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভিলেজের চেয়ারম্যান রবিকুমার দেববর্মা ও ভাইস চেয়ারম্যান শম্পু দেববর্মা সহ বিশিষ্টজনেরা । অনুরূপভাবে ৪ জুলাই বেলবাড়ী ভিলেজের কমিউনিটি হলে ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে ভিলেজের চেয়ারম্যান বীথিকা দেববর্মা ও ভাইস চেয়ারম্যান শচীন্দ্র দেববর্মা সহ বিশিষ্টজনেরা উপস্থিত ছিলেন । ৩ জুলাই চাম্পাবাড়ী ভিলেজের রাধাচরণ ঠাকুর পাড়া জে বি স্কুলে ভিলেজ ভিত্তিক লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । ভিলেজের চেয়ারম্যান সাবিত্রী দেববর্মা সহ বিশিষ্ট জনেরা অনুষ্ঠানে উপস্থিত ছিলেন। উল্লিখিত অনুষ্ঠানগুলিতে সংশ্লিষ্ট এলাকার শিল্পীরা লোকনৃত্য, জাদুকলিজা, সমবেত লোকসঙ্গীত পরিবেশন করেন ।

আগামীকাল খার্চি উৎসবের সমাপ্তি অনুষ্ঠান

জিরানীয়া, ৬ জুলাই ।। ত্রিপুরার শান্তি, সম্প্রীতি, সৌভ্রাতৃত্ব ও ঐতিহ্যের সপ্তাহব্যাপী মিলন উৎসব খার্চি আগামীকাল শেষ হচ্ছে । হাবেলীর কৃষ্ণমালা মঞ্চে আগামীকাল রাত ৮টায় খার্চি উৎসবের সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত থাকবেন উপজাতি কল্যাণ মন্ত্রী অঘোর দেববর্মা । সম্মানিত অতিথি হিসেবে উপস্থিত থাকবেন তথ্য ও সংস্কৃতি মন্ত্রী ভানুলাল সাহা এবং এ ডি সি'র মুখ্যকার্য নির্বাহী সদস্য রাধাচরণ দেববর্মা । বিশেষ অতিথি হিসাবে উপস্থিত থাকবেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সবিতা দাস ও সাধারণ প্রশাসনের অতিরিক্ত সচিব রমা প্রসাদ দত্ত । সভাপতিত্ব করবেন পুরাতন আগরতলা পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান নীহার রঞ্জন শূর। ঐতিহ্যবাহী এই উৎসবে গতকাল পঞ্চমদিনে কৃষ্ণমালা মঞ্চে আয়োজিত সাংস্কৃতিক অনুষ্ঠানের আকর্ষণ ছিল অমরপুরের দেববাড়ী লোকরঞ্জন শাখার হজাগিরি নৃত্য এবং কমলপুরের রাধারমণ চর্চা কেন্দ্রের লোকযাত্রা । আগামীকাল খার্চি উৎসবের সপ্তমদিন তথা শেষ দিনের সাংস্কৃতিক অনুষ্ঠানের বিশেষ আকর্ষণ হল বিভিন্ন লোকবাদ্য বাদন । অনুষ্ঠানে মান্দাই, হেজামারা ও খয়েরপুরের লোকবাদ্য শিল্পীরা চংপ্রেং, দাংদু, বাঁশী ও ঢোল বাজাবেন। এছাড়াও রংপীঠ সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা নাটক (প্রেম) পরিবেশন করবেন । বিভিন্ন লোকরঞ্জন শাখা ও সাংস্কৃতিক সংস্থার শিল্পীরা ধামাইল, মণিপুরী নৃত্য, উপজাতি লোকনৃত্য পরিবেশন করবেন । হাবেলী মুক্ত মঞ্চেও বিভিন্ন বিদ্যালয়ের ও সাংস্কৃতিক সংস্থার শিশু শিল্পীরা শিশু উৎসবে অংশ নেবে ।

আমতলীতে লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত

বিশালগড়, ৬ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে চড়িলাম ব্লকের আমতলী এ ডি সি ভিলেজে সম্প্রতি ভিলেজ ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । সংশ্লিষ্ট ভিলেজ কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন ভিলেজের চেয়ারম্যান নমিতা দেববর্মা, ভাইস চেয়ারম্যান জগদীশ দেববর্মা, ভিলেজের সদস্য খেলেন্দ্র দেববর্মা, সদস্য সুমিতা দেববর্মা এবং দেবলক্ষী দেববর্মা, এলাকার বিশিষ্ট সমাজসেবী পুনিরাম দেববর্মা প্রমুখ। অনুষ্ঠানে আমতলী এ ডি সি ভিলেজ এলাকার শিল্পীরা জাদুকলিজা ও উপজাতি লোকসঙ্গীত পরিবেশন করেন ।

জয়মনি ও শান্তিপুরে লোকসংস্কৃতি উৎসব

কাঞ্চনপুর, ৬ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে লালজুরি ব্লকের শান্তিপুর ও জয়মনি এ ডি সি ভিলেজে অনুষ্ঠিত হয় লোকসংস্কৃতি উৎসব । ৩ জুলাই জয়মনি পাড়া ভিলেজ ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব এলাকার সি আর সি হলে অনুষ্ঠিত হয়।অনুষ্ঠানে উপজাতি লোকনৃত্য ও লোকসংগীত পরিবেশিত হয়। শান্তিপুর ভিলেজ ভিত্তিক লোকসংস্কৃতি উৎসব ৪ জুলাই শান্তিপুর ভিলেজ কমিটি অফিস প্রাঙ্গণে অনুষ্ঠিত হয় । অনুষ্ঠানে বিঝু, ধামাইল নৃত্য পরিবেশিত হয় । অনুষ্ঠানে উপস্থিত ছিলেন শান্তিপুর ভিলেজ কমিটির চেয়ারম্যান সুমাল চাকমা ও ভাইস চেয়ারম্যান প্রদীপ নমঃ ।

নলছড় ব্লকে পাইপ লাইনে পানীয় জল সরবরাহের ব্যাপক উদ্যোগ

সোনামুড়া, ৬ জুলাই ।। নলছড় ব্লক এলাকায় পরিস্রুত পানীয় জলের সুযোগ পৌঁছে দেবার লক্ষ্যে সম্প্রতি ব্লকের লক্ষণঢেপা, রাজীব নগর পঞ্চায়েতে এবং কলিরাম ভিলেজে তিনটি নতুন গভীর নলকূপ বসানো হয়েছে । প্রতিটি প্রকল্প রূপায়ণে ৫০ লক্ষ টাকা ব্যয় হয়েছে । এছাড়া, পোয়াংবাড়ী ও জোলাইবাড়ীতে আরো দুইটি গভীর নলকূপ থেকে জল সরবরাহ প্রকল্পের কাজ শুরু হয়েছে । এই দুঃগুটি প্রকল্পে ইতিমধ্যে সাড়ে বারো কিলোমিটার পাইপ লাইন সম্প্রসারণের কাজ শেষ হয়েছে। রাঙ্গামাটি পঞ্চায়েতের বেরী পাড়াতে একটি মিনি ডিপটিউবওয়েল বসানো হয়েছে এবং উত্তর পাড়ায় একটি মিনি ডিপটিউবওয়েল বসানোর কাজ চলছে । এই দুটি প্রকল্প রূপায়ণের জন্য ব্যয় বরাদ্দ রয়েছে ১৪ লক্ষ টাকা । খেদাবাড়ী পঞ্চায়েতের জোলাইবাড়ীতে পানীয় জলের সুযোগ সম্প্রসারণের জন্য আন্ডার গ্রাউন্ড রিজার্ভার তৈরীর কাজ শুরু হয়েছে । এরজন্য ব্যয় বরাদ্দ রয়েছে ১৬ লক্ষ টাকা । জোলাইবাড়ী গভীর নলকূপের জল এই জলাধারে ধারণ করে বুস্টার পাম্পের মাধ্যমে তা থেকে তিপরামুড়া ও সন্নিহিত এলাকায় জল সরবরাহ করা হবে । এতে এই এলাকার ৬০টি পরিবার উপকৃত হবে ।

বিশালগড়ে যুব বিষয়ক সেমিনার ১৪ জুলাই

বিশালগড়, ৬ জুলাই, ।। আগামী ১৪ জুলাই হরিশনগরস্থিত কমলাদেবী কাজারিয়া কমিউনিটি হলে যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের উদ্যোগে বিশালগড় ব্লক ভিত্তিক যুব বিষয়ক সেমিনার অনুষ্ঠিত হবে। বিশালগড় পঞ্চায়েত সমিতির সভাকক্ষে গতকাল সমিতির চেয়ারম্যান দুলন সরকার (হাজারী)-র সভাপতিত্বে অনুষ্ঠিত প্রস্তুতি সভায় এ সিদ্ধান্ত নেওয়া হয়। উক্ত সেমিনারে ব্লক এলাকার বিভিন্ন বিদ্যালয়ের এন.এস.এস. ইউনিটের ছাত্রছাত্রীরা অংশ নেবে। সেমিনারে জাতীয় সংহতি, গার্হস্থ্য হিংসা প্রভৃতি বিষয়ে আলোচনাচক্র অনুষ্ঠিত হবে। সেমিনার চলবে সকাল ১১টা থেকে বিকেল ৫টা পর্যন্ত। এদিনের সভায় অন্যান্যদের মধ্যে উপস্থিত ছিলেন ব্লকের বি.ডি.ও রতন ভৌমিক, মহকুমা ক্রীড়া আধিকারিক, বিভিন্ন বিদ্যালয়ের শারীর শিক্ষকগণ সহ এন.এস.এস ইউনিটের প্রোগ্রাম অফিসারগণ।

বিলোনীয়া টাউন হলে নাট্যকর্মশালা শুরু

বিলোনীয়া, ৬ জুলাই ।। জেলা তথ্য ও সংস্কৃতি কার্যালয়ের উদ্যোগে ১৬ দিন ব্যাপী জেলা ভিত্তিক নাট্য কর্মশালা গতকাল থেকে বিলোনীয়া টাউনহলে শুরু হয়েছে। জেলা ভিত্তিক এই নাট্য কর্মশালায় প্রশিক্ষক হিসেবে রয়েছেন বিশিষ্ট শিল্পী উত্তম চক্রবর্তী। কর্মশালায় জেলার সাব্রুম, শান্তিরবাজার ও বিলোনীয়া মহকুমা থেকে ২৫ জন নাট্য শিল্পী অংশ গ্রহণ করেন।

মধ্য লক্ষীবিল ও প্রভুরামপুর পঞ্চায়েতে লোক সংস্কৃতি উৎসব

বিশালগড়, ৬ জুলাই ।। তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে বিশালগড় ব্লকের মধ্য লক্ষীবিল ও প্রভুরামপুর গ্রাম পঞ্চায়েতে গতকাল লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয়। প্রভুরামপুর পঞ্চায়েত হলে আয়োজিত এই অনুষ্ঠানে উপস্থিত ছিলেন পঞ্চায়েত সদস্যা মৌসুমী চৌধুরী এবং সদস্য হুমায়ুন কবীর। অনুষ্ঠানে উক্ত পঞ্চায়েত এলাকার শিল্পীরা মুর্শীদি, বাউল ও লোক সঙ্গীত পরিবেশন করেন ।

অনুরূপ ভাবে মধ্য লক্ষীবিল গ্রাম পঞ্চায়েত কার্যালয় প্রাঙ্গণে আয়োজিত হয় মধ্য লক্ষীবিল গ্রাম পঞ্চায়েত ভিত্তিক অনুষ্ঠান। উপস্থিত ছিলেন উক্ত পঞ্চায়েতের প্রধান তপতী দাস সহ এলাকার বিশিষ্ট জনেরা । অনুষ্ঠানে এলাকার শিল্পীরা লোক সঙ্গীত ও বাউল পরিবেশন করেন।

পূর্ব টাকারজলা ও মধ্য ঘনিয়ামারা ভিলেজে লোক সংস্কৃতি উৎসব

জম্পুইজলা, ০৬ জুলাই ।। জম্পুইজলা ব্লকের পূর্ব টাকারজলা এ ডি সি ভিলেজে গত ৪ জুলাই লোক সংস্কৃতি উৎসব অনুষ্ঠিত হয় । তথ্য ও সংস্কৃতি দপ্তরের উদ্যোগে ভিলেজ কমিটি কার্যালয়ে আয়োজিত এই অনুষ্ঠানে সংশ্লিষ্ট এলাকার শিল্পীরা যাদুকলিজা, বাউল সঙ্গীত ও লোক নৃত্য পরিবেশন করেন। অনুষ্ঠানে উক্ত ভিলেজের চেয়ারম্যান দীনেশ দেববর্মা সহ বিশিষ্ট জনেরা উপস্থিত ছিলেন ।

এদিকে, মধ্য ঘনিয়ামারা ভিলেজেও লোক সংস্কৃতি উৎসব সম্প্রতি অনুষ্ঠিত হয় । এলাকার শিল্পীরা লোক সঙ্গীত ও নৃত্য পরিবেশন করেন । অনুষ্ঠানে উক্ত ভিলেজের চেয়ারম্যান তিরনজয় দেববর্মা সহ অন্যান্যরা উপস্থিত ছিলেন ।

ফুলছড়ি বিদ্যালয়ে প্রশাসনিক শিবির ১৪ জুলাই

সাব্রুম, ০৬ জুলাই ।। সাব্রুম মহকুমা প্রশাসনের উদ্যোগে আগামী ১৪ জুলাই সাতচাঁদ ব্লকের ফুলছড়ি উচ্চ বিদ্যালয়ে অনুষ্ঠিত হবে প্রশাসনিক ও স্বাস্থ্য শিবির । ফুলছড়ি ও উত্তর কালাঢেপা ভিলেজের জনগণকে প্রশাসনিক শিবিরের সুযোগ গ্রহণ করার জন্য মহকুমা শাসক বিপ্লব দাস অনুরোধ জানিয়েছেন । শিবিরে থাকবে চিকিৎসা পরিষেবার ব্যবস্থাও । বিভিন্ন দপ্তরের আধিকারিক ও এলাকার জনগণের মধ্যে বিভিন্ন উন্নয়নমূলক কর্মসূচি নিয়ে মত বিনিময় সভা অনুষ্ঠিত হবে ।

দ্বারিকাপুর পঞ্চায়েতে রেগায় নানা কাজ

তেলিয়ামুড়া, ০৬ জুলাই ।। কল্যাণপুর ব্লকের দ্বারিকাপুর পঞ্চায়েতে এম জি এন রেগার মাধ্যমে বিভিন্ন উন্নয়নমূলক কাজ রূপায়িত হয়েছে । উক্ত কর্মসূচিতে কৃষি কাজের সুবিধার্থে ৮৫টি অনাবাদী জমি চাষযোগ্য করে তোলা হয়েছে । এতে ব্যয় হয়েছে ৫৯ লক্ষ ৪৩ হাজার ৫২৭ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয় ৩৫,৩৯৪টি । যোগাযোগের সুবিধার্থে ৩টি কাঁচা রাস্তা সংস্কারে ব্যয় হয়েছে ১ লক্ষ ১৯ হাজার ৭৬০ টাকা এবং শ্রমদিবস সৃষ্টি হয় ৭২০টি । সংশ্লিষ্ট পঞ্চায়েত কার্যালয় থেকে এ তথ্য জানানো হয়েছে ।

গৌরনগর ব্লকে মৎস্যচাষ সামগ্রী মজুত কেন্দ্রের উদ্বোধন

কৈলাসহর, ৬ জুলাই ।। গৌরনগর ব্লকের লক্ষীপুর পঞ্চায়েতে আজ নব নির্মিত মৎস্যচাষ সামগ্রী মজুত কেন্দ্রের দ্বারোদঘাটন হয়েছে । মৎস্য মন্ত্রী খগেন্দ্র জমাতিয়া এর দ্বারোদঘাটন করেন । উদ্বোধকের ভাষণে মন্ত্রী শ্রী জমাতিয়া বলেন, রাজ্য সরকারের সিদ্ধান্ত রয়েছে রাজ্যের প্রতিটি ব্লকে ১০০ মেট্রিকটন ক্ষমতাসম্পন্ন এধরণের মজুত কেন্দ্র নির্মাণ করার। তিনি বলেন, রাজ্যে মৎস্যচাষে ধারাবাহিক উৎপাদন বৃদ্ধির সাথে সাথে আয়ও বেড়েছে । রাজ্যে ১ লক্ষ ৮১ হাজার মৎস্যচাষী রয়েছেন । মৎস্য চাষীদের আধুনিক বৈজ্ঞানিক প্রথায় মাছ চাষে অভিজ্ঞ করে তুলতে সচেতনতামূলক কর্মসূচী নেওয়া হয়েছে । অনুষ্ঠানে বক্তব্য রাখেন গৌরনগর পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান ইনুস মিয়া খাদিম ও পঞ্চায়েত সমিতির সদস্য সুলতান আহমেদ । সভাপতিত্ব করেন লক্ষীপুর পঞ্চায়েতের উপ-প্রধান পারভেস উদ্দিন চৌধুরী । স্বাগত বক্তব্য রাখেন কুমারঘাট মৎস্য তত্ত্বাবধায়ক দেবব্রত ভৌমিক । মজুত কেন্দ্রটি নির্মাণে ব্যয় হয়েছে ১৪ লক্ষ ১১ হাজার ৩৪৩ টাকা ।

জাতীয় কৃমি নাশক দিবস উপলক্ষ্যে প্রশিক্ষণ শিবির

আগরতলা, ০৬ জুলাই ।। জাতীয় কৃমি নাশক দিবসের কার্যক্রম অনুযায়ী রাজ্য ভিত্তিক প্রশিক্ষকদের প্রশিক্ষণ আজ প্রজ্ঞা ভবনে অনুষ্ঠিত হয় । এই প্রশিক্ষণ কর্মসূচির উদ্বোধন করেন পরিবার কল্যাণ ও রোগ প্রতিরোধক দপ্তরের অতিরিক্ত অধিকর্তা ডাঃ সমরজিৎ দাস। অনুষ্ঠানে উপস্থিত ছিলেন জাতীয় স্বাস্থ্য মিশন, ত্রিপুরার সদস্য সচিব ডাঃ এস কে চাকমা, বুনিয়াদি শিক্ষা দপ্তরের উপ-অধিকর্তা শ্যামলী দেববর্মা, কৃমি নাশক কর্মসূচির রাজ্য স্তরের নোডাল অফিসার ডাঃ দেবাশীষ সাহা । অনুষ্ঠানে ৮টি জেলার জেলা মুখ্য স্বাস্থ্য আধিকারিকগণ সহ মহকুমা স্বাস্থ্য আধিকারিকগণ, কৃমি নাশক কর্মসূচির জেলা নোডাল অফিসার, জেলা শিক্ষা আধিকারিক, জেলা শিক্ষা পরিদর্শক এবং জেলা প্রোগ্রাম ম্যানেজারগণ উপস্থিত ছিলেন।